



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/12/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করলেন যে দীপাবলি উদযাপনের জন্য স্টেটের  
ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করা হবে

12 নভেম্বর, রবিবার সন্ধ্যায় স্টেটের 15টি ল্যান্ডমার্ককে লাল, হলুদ, গোলাপি এবং নীল  
আলোয় আলোকিত করা হবে

আলোর উৎসের সম্মানে গভর্নর ইস্তেহার জারি করলেন; ইস্তেহারটি পড়ুন [এখানে](#)

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 12 নভেম্বর, রবিবার সন্ধ্যায় দীপাবলি  
উদযাপনের জন্য স্টেটের 15টি ল্যান্ডমার্ককে লাল, হলুদ, গোলাপি এবং নীল আলোয় আলোকিত  
করা হবে। এছাড়াও গভর্নর হোকল আনুষ্ঠানিকভাবে 12 নভেম্বরকে নিউ ইয়র্ক স্টেটের জন্য  
দীপাবলি হিসেবে ঘোষণা করে একটি [ইস্তেহার](#) জারি করলেন।

"আলোর উৎসব নামেও পরিচিত দীপাবলি হলো হিন্দু সংস্কৃতির একটি গুরুত্বপূর্ণ উদযাপন যা  
অন্ধকারের বিরুদ্ধে আলোর, অশুভের বিরুদ্ধে শুভের, এবং অজ্ঞতার বিরুদ্ধে জ্ঞানের আধ্যাত্মিক  
বিজয়ের প্রতীকস্বরূপ," গভর্নর হোকল বলেন। "তাদের সমৃদ্ধ সংস্কৃতি এখানে নিয়ে আসার  
ক্ষেত্রে আমাদের ভারতীয় ও দক্ষিণ এশিয়ার সম্প্রদায়সমূহের অবদান ও প্রতিশ্রুতির জন্য নিউ  
ইয়র্কবাসীরা তাদের প্রতি কৃতজ্ঞ। উৎসবটি উদযাপন করছে এমন সকলের প্রতি আমরা  
ভবিষ্যতের সুখ, শান্তি ও সমৃদ্ধির জন্য আন্তরিক শুভকামনা প্রেরণ করছি।"

আলোকিত হবে এমন ল্যান্ডমার্কসমূহের মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ (Kosciuszko Bridge)
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং (The H. Carl McCall SUNY Building)
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন (State Education Building)
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - প্রধান গেট ও এক্সপো সেন্টার (State Fairgrounds - Main Gate & Expo Center)

- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- “ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট” মধ্য-হাডসন ব্রিজ (“Franklin D. Roosevelt” Mid-Hudson Bridge)
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে (MTA LIRR - East End Gateway at Penn Station)
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ (Fairport Lift Bridge)
- ময়নিহান ট্রেন হল
- হাডসন স্টেট হিস্টোরিক পার্কের উপরস্থ ওয়াকওয়ে (Hudson State Historic Park)

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেটগুলির জন্য এতে সাইন আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336  
নম্বরে টেক্সট পাঠান

[আনসাবস্ক্রাইব করুন](#)